



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ৪ সিশিবো/পরীক্ষা/উমা/২০২৬/১০৪৮

তারিখ ৪ ১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

(একই স্মারক ও তারিখে সংশোধিত)

বিষয় ৪ আসন্ন এইচএসসি/আলিম/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে শিক্ষামন্ত্রী মহোদয়ের মতবিনিময় সভায় সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন এইচএসসি/আলিম/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট কর্তৃক সিলেট বিভাগের আওতাধীন সকল এইচএসসি/আলিম/কারিগরি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে আগামী ২৮/০৬/২০২৬খ্রি. রবিবার সকাল ৮.০০ টায় জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, এর অডিটোরিয়াম, গ্যাস ভবন, মেন্দিবাগ সিলেট- এ এক মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন এমপি মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত মতবিনিময় সভায় সিলেট বিভাগের আওতাধীন সকল এইচএসসি/ আলিম/ কারিগরি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে সকাল ৮.০০ ঘটিকার মধ্যে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৬.০৬.২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

সিলেট বিভাগের আওতাধীন ২০২৬ সালের

সকল এইচএসসি/আলিম/কারিগরি পরীক্ষা কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
২. পুলিশ সুপার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট বিভাগের আওতাধীন সকল উপজেলা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), সিলেট বিভাগের আওতাধীন সকল থানা।
৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৬. জেলা শিক্ষা অফিসার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৮. সংরক্ষণ নথি।